

ফাতওয়া নাম্বার: ৬৬

প্রকাশকাল: ১৮ ই জুলাই, ২০২০ ইংরেজি

## জুমআর সালাত সহীহ হওয়ার শর্ত কী?

### প্রশ্ন:

জুমআর সালাত সহীহ হওয়ার শর্তগুলো কী কী? ২) ওয়াক্ফিয়া (পাঞ্জিগানা) মসজিদে কি জুমআর সালাত আদায় করা যাবে?

প্রশ্নকারী- তাহসিন বিন ইসমাইল

### উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

:الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده أما بعد

১) জুমআর সালাত সহীহ হওয়ার জন্য শর্ত হল,

ক. শহর বা উপশহর হওয়া। গ্রামে জুমআ সহীহ নয়। অবশ্য ফুকাহায়ে কেলাম শহরের যে সংজ্ঞা দিয়েছেন, তাতে বর্তমান বাংলাদেশের গ্রামগুলোও শহরের অন্তর্ভুক্ত। সুতরাং বাংলাদেশের গ্রামগুলোতেও জুমআ সহীহ।

খ. সুলতান বা তাঁর প্রতিনিধি উপস্থিত থাকা। তবে এই শর্ত তখনই প্রযোজ্য, যখন মুসলিমদের সুলতান থাকবেন এবং মুসলিমদের দ্বিনি বিষয়গুলো তিনি আঞ্জাম দিবেন। পক্ষান্তরে যদি মুসলিমদের সুলতানই না

থাকেন বা থেকেও তাদের দ্বীনি বিষয়গুলো আঞ্জাম না দেন, সে ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তখন মুসলিমদের কর্তব্য সবাই মিলে একজনকে ইমাম বানিয়ে জুমআ কায়েম করা। আরও বিস্তারিত জানার জন্য [৩৪](#) নং ফতোয়াটি দেখুন।

গ. জোহরের ওয়াক্তে জুমআ আদায় করা।

ঘ. খুৎবা দেওয়া।

ঙ. খুৎবা সালাতের আগে দেয়া।

চ. জামাতের সাথে আদায় করা। এতে ইমাম ব্যতীত কমপক্ষে তিনজন মুসল্লি থাকতে হবে।

ছ. 'ইযনে আম' তথা মসজিদে সর্বসাধারণের প্রবেশের অনুমতি থাকা। তবে যদি নিরাপত্তা বা ভিন্ন কোনো কারণে মুসল্লি সংখ্যা সীমিত রাখার উদ্দেশ্যে অতিরিক্ত মুসল্লিদের প্রবেশ বাধাগ্রস্ত হয়, তা জুমআ সহীহ হওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করবে না। যেমন, বর্তমান করোনা পরিস্থিতি চলছে; যদিও এ পরিস্থিতিতে মুসল্লিদের ওপর এমন বিধিনিষেধ আরোপ করা ঠিক নয়। বিস্তারিত জানার জন্য [৪২](#) ও [১৭](#) নং ফতোয়াগুলো দেখুন।

২) হ্যাঁ, ওয়াক্তিয়া মসজিদেও জুমআর সালাত আদায় করা যাবে। বরং উপরোক্ত শর্তগুলো পাওয়া গেলে মসজিদ হওয়াও জরুরি নয়। যে কোনো জায়গায়ই জুমআ সহীহ হবে; যদিও মসজিদে আদায় করাই উত্তম।

-মাজমাউল আনহুর, দারু ইহইয়াহিত তুরাস: ১/১৬৬, আলবাহরুর  
রায়েক, দারুল কিতাবিল ইসলামি: ২/১৫২, আদুররুল মুখতার, দারুল  
ফিকর: ২/১৩৭-১৫২, রদুল মুহতার, দারুল ফিকর: ২/১৫২

فقط. والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)



২১-১১-৪১ হি.

১৩-০৭-২০ ইং

اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ